



অফিসের দায়িত্বগ্রহণ উপলক্ষে সিএমডি'র বার্তা

প্রিয় সহকর্মীবৃন্দ,

জিআরএসই-এর চেয়ারম্যান ও ব্যবস্থাপনার পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করে আমি সত্যিই খুব গর্বিত। আপনাদের অবিরাম সমর্থন ছাড়া এটা সম্ভব হতো না, তাই আমি আপনাদের প্রত্যেকের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

আমাদের, জি আর এস ই-র, একটি সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে এবং একশটির বেশি যুদ্ধজাহাজের গর্বিত নির্মাতা হিসেবে, ভারতীয় যুদ্ধজাহাজ নির্মাণের ক্ষেত্রে আমাদের স্থান অতুলনীয়। আজ, যদিও আমাদের কাছে মর্যাদাপূর্ণ প্রকল্পগুলির বলিষ্ঠ অর্ডার রয়েছে, প্রকল্পগুলির সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার দিকে আমাদের সচেতন থাকতে হবে। আত্মতুষ্টির একেবারেই কোন অবকাশ নেই এবং বর্তমান প্রতিযোগিতামূলক পরিবেশে একমাত্র মন্ত্রটি হল প্রতিপাদন বা বিনাশ। সামনের লক্ষ্যগুলি অর্জনের জন্য আমাদের কার্যকারিতার সমস্ত ক্ষেত্রে কর্মক্ষমতা বাড়ানোর উপায়গুলির বিকাশ করতে হবে এবং গ্রাহকের প্রত্যাশা সম্পূর্ণরূপে পূরণ করার সাথে সাথে প্রকল্পগুলিকে যথাসময়ে সম্পাদিত করতে হবে।

অর্থবর্ষ ২০২২-২৩-এর জন্য কর্পোরেট লক্ষ্যমাত্রা ইতিমধ্যেই ঘোষণা করা হয়েছে এবং শীঘ্রই, আমরা আনুষ্ঠানিকভাবে আমাদের শিপইয়ার্ডের জন্য "ভিশন - ২০৩০ র" নথি প্রকাশ করব। আমি আশা করব আপনারা প্রত্যেকে সংস্থার এই উদ্দেশ্য এবং তার সাথে যুক্ত স্বপ্ন ও দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলিকে স্পষ্টভাবে বুঝতে পারবেন যা এই উদ্দেশ্য বা ভিশনটি অর্জনের ক্ষেত্রে আমাদের নিজেদের জন্য নির্ধারণ করতে হবে।

আমি আপনাদের প্রত্যেককে যথাসাধ্য চেষ্টা করতে অনুরোধ করছি এবং আমি নিশ্চিত যে একসাথে কাজ করে আগামী দিনে আমরা আমাদের শিপইয়ার্ডকে আরও উচ্চতায় নিয়ে যেতে সক্ষম হব। আমাদের সাংগঠনিক কর্মক্ষমতা উন্নত করতে এবং একটি ভাল কাজের পরিবেশ তৈরি করতে আমি, আপনাদের কাছ থেকে পরামর্শ ও মতামতের জন্য তৈরী থাকব।

আমি আপনাকে এবং আপনার পরিবারের সদস্যদের প্রত্যেকের সুখী এবং সফল ভবিষ্যত কামনা করছি।

জয় হিন্দ। জয় জি আর এস ই।

হরি

কমোডোর পি আর হরি, ভা নৌ (অবসরপ্রাপ্ত)
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর

১০ জুন ২০২২